

নাজমা মোবারেক

সচিব

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

নাজমা মোবারেক ৩১/১০/২০২৪ খ্রি. তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব হিসেবে যোগদান করেন। এ বিভাগে যোগদানের পূর্বে তিনি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি গত ০৫/০৬/২০২৩ খ্রি. তারিখে সচিব হিসেবে পদোন্নতি পান এবং ০৬/০৬/২০২৩ খ্রি. তারিখ হতে ৩০/০১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন। সচিব হিসেবে যোগদানের পূর্বে তিনি অতিরিক্ত সচিব হিসেবে অর্থ বিভাগে কর্মরত ছিলেন।

নাজমা মোবারেক বরিশাল জেলার উজিরপুর উপজেলার কাংশি গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। শিক্ষা জীবনে তিনি ধামুরা উচ্চ বিদ্যালয় হতে এসএসসি পরীক্ষায় মানবিক বিভাগ হতে প্রথম বিভাগে এবং ইডেন গার্লস কলেজ হতে এইচএসসি পরীক্ষাতেও প্রথম বিভাগে উত্তীর্ণ হন। উল্লেখ্য যে, তিনি এসএসসি পরীক্ষায় যশোর শিক্ষা বোর্ডে মেধা তালিকায় প্রথম হন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞানে বিএসএস অনার্স এবং একই বিষয়ে এমএসএস ডিগ্রি সম্পন্ন করেন। এছাড়াও তিনি যুক্তরাজ্যের বার্মিংহাম বিশ্ববিদ্যালয় হতে Public Economic Management & Finance এ এমএসসি ডিগ্রী অর্জন করেন। শিক্ষাজীবন শেষে তাঁর বেশকিছু গবেষণাপত্র বিভিন্ন জার্নালে প্রকাশিত হয়েছে। তিনি অর্থ বিভাগের পাবলিক ফাইনান্স ইন্সটিটিউট এর একজন নিয়মিত প্রশিক্ষক/রিসোর্স পারসন।

নাজমা মোবারেক বিসিএস প্রশাসন ক্যাডারের ১৩তম ব্যাচের একজন কর্মকর্তা। ২৫ এপ্রিল ১৯৯৪ সালে তিনি সহকারী কমিশনার হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুরে কর্মজীবন শুরু করেন এবং পরবর্তীতে তিনি জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুরে সহকারী কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি সহকারী কমিশনার (ভূমি) হিসেবে গাজীপুরের কাপাসিয়া উপজেলায় দায়িত্ব পালন করেন। এরপর তিনি সহকারী সচিব হিসেবে বস্ত্র মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি সহকারী সচিব, সিনিয়র সহকারী সচিব, উপসচিব, যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব হিসেবে অর্থ বিভাগে দীর্ঘদিন দায়িত্ব পালন করেন।

এছাড়াও তিনি ন্যাশনাল কনসালট্যান্ট হিসেবে Strengthening Public Expenditure Management Project (SPEMP) শীর্ষক প্রজেক্টে দায়িত্ব পালন করেছেন। অর্থ মন্ত্রণালয়ে তিনি জাতীয় বাজেট প্রণয়নের সাথে জড়িত ছিলেন এবং তিনিই প্রথম নারী অতিরিক্ত সচিব যিনি সাফল্যের সাথে জাতীয় বাজেট প্রণয়ন করেন। এছাড়াও তিনি Neuclear Power Plant, NESCO, সেনা কল্যাণ সংস্থা, জীবন বীমা কর্পোরেশন এর পরিচালনা বোর্ডের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ভূমি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত 'অনলাইন ভূমি উন্নয়ন কর পরিশোধ' সিস্টেম স্থাপন টিমে তিনি একজন সদস্য ছিলেন। উক্ত সিস্টেম স্থাপন ও সফলভাবে বাস্তবায়নে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এ 'অনলাইন ভূমি উন্নয়ন কর পরিশোধ' সিস্টেমটির জন্য তিনি দলগতভাবে 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' অর্জন করেন। তিনি বিভিন্ন মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করার মাধ্যমে সরকারের আইন, নীতি, কৌশল, ও উন্নয়ন প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণের অভিজ্ঞতা অর্জন করেছেন।

তিনি ১৪তম BPATC প্রশিক্ষণ কোর্সে ফাউন্ডেশন কোর্স সম্পন্ন করেছেন এবং উক্ত কোর্সে সকল প্রশিক্ষণার্থীর মধ্যে মেধাক্রম হিসেবে ১৪তম স্থান অর্জন করেন। তিনি ৩৯তম আইন ও প্রশাসন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন এবং উক্ত কোর্সেও তিনি সকল প্রশিক্ষণার্থীর মধ্যে মেধাক্রম হিসেবে ৫ম স্থান অর্জন করেন। এছাড়াও তিনি ১১১-তম ACAD কোর্স সম্পন্ন করেন এবং উক্ত কোর্সের ফলাফলেও তিনি মেধাক্রমে ৪র্থ স্থান অর্জন করেন।

দেশে ও বিদেশে তিনি নানা ওয়ার্কসপ, প্রশিক্ষণ, সেমিনার, স্ট্যাডি ট্যুর ও শর্ট কোর্সে অংশগ্রহণ করেন। তিনি প্রফেশনাল ডেভেলপমেন্ট কোর্সে অংশগ্রহণের জন্য যুক্তরাষ্ট্রে গমণ করেন এবং তা সাফল্যের সাথে সম্পন্ন করেন। এছাড়াও তিনি বৈদেশিক ভ্রমণের অংশ হিসেবে ভারত, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়ায় গমণ করেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত। তিনি এক পুত্র ও এক কন্যা সন্তানের জননী। তাঁর জীবনসঙ্গী বিসিএস ট্যাক্স ক্যাডারের একজন সদস্য এবং বর্তমানে কর কমিশনার হিসেবে কর্মরত আছেন।